

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:24-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Central Minister :

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা আজ খোয়াই সার্কিট হাউজে বিভিন্ন অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প এবং চলতি অন্যান্য প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন। তাছাড়া তিনি পদ্ধবিল আর ডি ব্লকও পরিদর্শন করবেন। তাছাড়া তিনি খোয়াই ও মোহনপুর মহকুমায় জাতীয় সড়ক নির্মাণের কাজের অগ্রগতি খতিয়ে দেখবেন। কেন্দ্রীয় মন্ত্রী আজ লেন্সুচড়ায় আই.সি.এ.আর পরিদর্শনের পর আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে বৈঠক করবেন। আগামীকাল তিনি আগরতলায় সরকারী অতিথিশালায় এন.এইচ.আই.ডি.সি.এল এবং জাতীয় সড়ক নির্মাণের দায়িত্বপ্রাপ্ত পূর্ত দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। তিনিদিনের সফরে গতকাল তিনি আগরতলা এসেছেন।

গতকাল রাতে তিনি আগরতলার দক্ষিণ শহরতলীর নাগিছড়ার হটি কালচার দপ্তরের রিসার্চ সেন্টার পরিদর্শন করেন। তিনি এখানে রেড পাম ওয়েল সীড গাছের একটি চারা রোপন করেন ও রিসার্চ সেন্টারে উৎপাদিত বিভিন্ন ফসল, টিপিএস আলু বীজ, মাসরুম চাষ ইত্যাদি প্রত্যক্ষ করেন। পরে সংবাদ মাধ্যমের কাছে কেন্দ্রীয় মন্ত্রী এসব ফসল ফলানোর পদ্ধতির ভূয়সী প্রসংশা করেন। দেশের অন্যান্য অংশেও এসব ফসল চাষের সুফল পৌঁছে দেওয়ার উপর গুরুত্ব দেন। সেখানে তাঁকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক মেঘা জৈন, কৃষি এবং কৃষক কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা হীরেন্দ্র দেববর্মা, উদ্যান এবং মন্ত্রিকা সংরক্ষণ দপ্তরের ভারপ্রাপ্ত

অধিকর্তা শান্তনু দেববর্মা সহ উদ্যান এবং মৃত্তিকা সংরক্ষণ দপ্তরের অন্যান্য আধিকারিক এবং কর্মচারী।

Press Meet-MSSSK :

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্ব আজ থেকে সারা রাজ্যে শুরু হচ্ছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকাল ১১টায় ধলাই জেলার আমবাসায় আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সূচনা করবেন। আগামী ৬ই নভেম্বর পর্যন্ত এই অভিযান চলবে। উনকোটি জেলাতেও আজ থেকে এই অভিযান শুরু হচ্ছে। উনিশ বছর অব্দি কিশোর-কিশোরীরা এই অভিযানের আওতায় আসবে। চৌদ্দিনব্যাপী এই অভিযানে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো, টিটেনাস ও ডিপথেরিয়া টিকাকরণ কর্মসূচি, ভিটামিন-এ পরিপূরক খাওয়ানো সহ অ-সংক্রামক রোগ বা N.C.D স্ক্রিনিং করা হবে। তাছাড়া নাবালিকা বিবাহ ও গর্ভাবস্থা প্রতিরোধে বিশেষ গ্রামসভাও অনুষ্ঠিত হবে।

PM, BRICS :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ব্রিক্স দেশগুলিকে সন্ত্রাসবাদ ও সন্ত্রাসে অর্থায়ন মোকাবেলায় দৃঢ়ভাবে ঐক্যবদ্ধ হতে ও সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন। কাজানে ষোড়শ ব্রিক্স শীর্ষ সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে, তিনি তরুণদের মধ্যে মৌলবাদ প্রতিরোধে সক্রিয় পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

JJM :

জল জীবন মিশনে জিরানীয়া মহকুমায় এখন পর্যন্ত ২৬ হাজার ৭৩৮টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। মহকুমার পুরাতন আগরতলা ব্লকে ১০,০৮৮টি, জিরানীয়া ব্লকে ৯,২৬৯টি এবং বেলবাড়ি ব্লকে ৭,৩৮১টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। তাছাড়া এই মিশনে জিরানীয়া মহকুমায় বেলবাড়ি ব্লকে ৫৬টি গভীর নলকূপ, ১২৬টি স্মলবোর টিউবওয়েল, ১৩টি আয়রন রিম্যুভাল প্ল্যান্ট বসানোর কাজ চলছে। এই মিশনে জিরানীয়া ব্লকে ৬০টি গভীর নলকূপ, ৯০টি স্মলবোর টিউবওয়েল ও ৩৭টি আয়রন রিম্যুভাল প্ল্যান্ট বসানোর কাজ চলছে। জিরানীয়া পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

Courtesy Meet :

রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। রাজভবন থেকে গতকাল এই সংবাদ জানানো হয়েছে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে অক্টোবর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৫তম পর্ব। জনগণ তাদের সুচিত্তি চিন্তাভাবনা mygov open forum -এ এবং নম: APP-এ পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আগামীকাল পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Disaster Risk Reduction :

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই বলেছেন ছাত্র এবং যুবকদের ভবিষ্যত সংরক্ষণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা শাখাগুলিকে শিক্ষা ক্ষেত্রের সঙ্গে সহযোগিতা করা উচিত। আন্তর্জাতিক দুর্যোগ বুঁকি প্রশমন দিবস উপলক্ষে গতকাল নতুনদিল্লিতে একটি অনুষ্ঠানে শ্রী রাই যুবকদের কথা মাথায় রেখে দুর্যোগ ব্যবস্থাপনা নীতি প্রণয়ন করা এবং এই বিষয়ে তাদের শিক্ষা দেওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন।

আসন্ন ঘূর্ণিঝড় ডানার প্রসঙ্গে মন্ত্রী বলেন, হতাহতের ঘটনা এড়াতে এবং ক্ষয়ক্ষতি কমানোর জন্য সরকারের পক্ষ থেকে পর্যাপ্ত প্রস্তুতি নেওয়া হয়েছে।

Women's Football :

সিনিয়র মহিলাদের জাতীয় ফুটবলের আসরে আজ গ্রুপের শেষ দুটি ম্যাচ হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকাল ৯টায় সিকিম ও চান্দিগড় এবং পরে বিকল ২টায় ত্রিপুরা ও গুজরাট প্রদর্শনের মুখোমুখি হবে।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সন্তানা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। সিপাহীজলা, গোমতি জেলার কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সন্তানা রয়েছে। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ২.২ মিলিমিটার।
